

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ

বিজ্ঞপ্তি নং-২৫/২০২৩ এসসি (এডি)

তারিখ : ০১ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

‘সিনিয়র ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর, কম্পিউটার অপারেটর ও গেস্টেটনার অপারেটর’ পদে নিয়োগ পরীক্ষা, ২০২৩

লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘সিনিয়র ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর-এর লিখিত পরীক্ষা সকাল ১০:০০ ঘটিকা হতে এবং কম্পিউটার অপারেটর ও গেস্টেটনার অপারেটর এর লিখিত পরীক্ষা দুপুর ০২:০০ ঘটিকা হতে আগামী ২৪/০৬/২০২৩ খ্রি. তারিখ (শনিবার) বাংলাদেশ সুপ্রীম কোর্টের এনেক্স বিল্ডিংয়ের নির্বাচিত এজলাস কক্ষে অনুষ্ঠিত হবে :

পদের নাম	রোল নম্বর	সংখ্যা
সিনিয়র ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর	৬০০১-৬৫৮৭	৫৮৭টি
পদের নাম	রোল নম্বর	সংখ্যা
কম্পিউটার অপারেটর	৭০০১-৭০৩৮	৩৮টি
পদের নাম	রোল নম্বর	সংখ্যা
গেস্টেটনার অপারেটর	৮০০১-৮০৪৭	৪৭টি

পরীক্ষার্থীদের কক্ষ নম্বর ও আসন বিন্যাস সুপ্রীম কোর্টের নোটিশ বোর্ড ও বাংলাদেশ সুপ্রীম কোর্টের এনেক্স বিল্ডিংয়ের সামনে এবং এনেক্স বিল্ডিংয়ের নির্বাচিত এজলাস কক্ষের সামনে পরীক্ষার দিন সকালে টানিয়ে দেয়া হবে।

২। পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :

- SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিতে হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের সময়ে প্রবেশপত্র প্রদর্শন করতে হবে।
- প্রবেশপত্রের ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাতঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। এই দফার নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণে বারিত করা হবে।
- পরীক্ষার্থীগণকে প্রবেশপত্রে উল্লিখিত নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়া ও যথাযথভাবে অনুসরণ করার পরামর্শ দেওয়া যাচ্ছে।
- পরিস্থিতি বিবেচনায় পরীক্ষার সময়সূচি বাতিল কিংবা পরিবর্তন করা হতে পারে। সেক্ষেত্রে পরিবর্তিত সূচি কিংবা নির্দেশনা বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


(শেখ মোহাম্মদ আমীনুল ইসলাম)
অতিরিক্ত রেজিস্ট্রার
আপীল বিভাগ
বাংলাদেশ সুপ্রীম কোর্ট